**আইটিইসি ইংরাজি কমিউনিকেশন এবং ওয়েব ডিজাইনিং কোর্সের সমাপ্তি**

ভারতীয় টেকনিক্যাল অ্যান্ড ইকনোমিক কো-অপারেশন (আইটিইসি)-এর অধীনে ভারতের পার্টনার দেশগুলির সক্ষমতা বৃদ্ধির উদ্দেশে পররাষ্ট্রমন্ত্রক নয়াদিল্লিতে আয়োজন করেছিল তিন মাসের 'ইংরাজি কমিউনিকেশন অ্যান্ড ওয়েব ডিজাইনিং' সংক্রান্ত একটি কোর্সের। অ্যাপটেক লিমিটেডের দ্বারা পরিবেশিত এই কোর্সটি শেষ হয় ৯ জুন, ২০১৭। এবং এতে অংশ নিয়েছিল এশিয়া, আফ্রিকা, ইউরেশিয়া এবং মধ্য আমেরিকা থেকে ৩০ আইটিইসি'র পার্টনার দেশের ৩২ অংশগ্রহণকারী।

এই কোর্সে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছিল ইংরাজি এবং ওয়েব ডিজাইনিংয়ের উপর, দৈনন্দিনের ইংরাজি এবং বাণিজ্যিক উদ্দেশে আকর্ষনীয় অ্যানিমেশন, উন্নতমানের নকশা (ডিজাইনিং)-এর উদ্দেশে এই পদক্ষেপ।

অংশগ্রহণকারীদের অ্যাপটেক-এর তরফে শংসাপত্র প্রদান করা হয়, ৯ জুন, ২০১৭, নয়াদিল্লিতে।

এছাড়াও অংশগ্রহণকারীরা ভারতের ঐতিহ্যশালী সাংস্কৃতিক নিদর্শন যেমন জয়পুর, আগ্রা সফর করার সুযোগ পেয়েছিল।

আইটিইসি'র অধীনে ভারত বিশ্বজুড়ে ১৬১টি অংশীদার দেশের সঙ্গে ১০,৫০০টি প্লটের প্রস্তাব করেছে, যেখানে ইংরাজি, তথ্যপ্রযুক্তি, টেলি-যোগাযোগ, যন্ত্রপাতি, টুল-ডিজাইনিং, অডিট, অ্যাকাউন্ট, ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টেন্সি, ব্যাঙ্কিং, পুর্নবিকরণযোগ্য শক্তি, অপরাধের নথি সংগ্রহ, গ্রামীণ উন্নয়ন, ম্যানেজমেন্ট ইত্যাদি ক্ষেত্রে কোর্স করানো হবে।

**নয়াদিল্লি**

**জুন ১৩, ২০১৭**